ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ০১। ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তিঃ ০২। ২০২৫-২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
সংযুক্তিঃ ০৩। ক্ষতিগ্রস্থ দেয়ালের চিত্র।
সংযুক্তিঃ ০৪। পূর্বানুমোদিত বাজার দর।
সংযুক্তিঃ ০৫। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ **Procurement of Sealing compound for RCC Wall damage repair** কাজটির অনুমোদন প্রসঙ্গে।

১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকুপ (তন্মধ্যে ১ টি নলকুপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষন করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকুপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৪ (চৌদ্দ) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। আলোচ্য প্লান্ট-এর পানি পরিশোধন পক্রিয়ার সর্বশেষ ধাপ স্যান্ড ফিল্ট্রেশন। IRP#1 ও IRP#2 এ মোট ২৪টি স্যান্ড ফিল্টার রয়েছে। উক্ত স্যান্ড ফিল্টারগুলোতে ব্যাক ওয়াসের সময় পরিস্কার পানির সাথে ময়লা পানি মিশ্রিত হয়ে যাওয়ার কারণে স্যান্ড ফিল্টার গুলোর আন্ডার গ্রাউন্ড RCC ওয়াল এবং ব্যাক ওয়াশ ড্রেন চ্যানেল পরিদর্শন করাহয়। পরিদর্শনকালে আন্ডার গ্রাউন্ডের RCC ওয়াল এ লিকেজ বা ফাটল পরিলক্ষিত হয় (সংযুক্তিঃ ০৩)। উক্ত লিকেজ বা ফাটল গুলো মেরামত করার জন্য ইনস্ট্যান্ট সিলিং কম্পাউন্ড হিসেবে মাস্টার সিল ৫৯০ সংগ্রহ করা প্রয়োজন।

২। সেপ্রেক্ষিতে IRP#1 ও IRP#2 এর স্যান্ড ফিল্টারের লিকেজ/ফাটল মেরামত কাজের জন্য সিলিং কম্পাউন্ড সংগ্রহ কাজটি জরুরীভিত্তিতে সম্পন্ন করার জন্য পূর্বানুমোদিত দর অনুযায়ি একটি প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৩৯,৭৫০/- (টাকা উনচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৭ (সংযুক্তিঃ ০২) হতে নির্বাহ করা হবে।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০১ ও ০২ এর বর্ণনানুযায়ী IRP#1 ও IRP#2 এর স্যান্ড ফিল্টারের লিকেজ/ফাটল মেরামত কাজের জন্য সিলিং কম্পাউন্ড সংগ্রহ কাজের জন্য আলোচ্য **Procurement of Sealing compound for RCC Wall damage repair** কাজের আওতায় সর্বমোট টাঃ ৩৯,৭৫০/-(টাকা উনচল্লিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনটি (সংযুক্তিঃ ০৪) অনুমোদনসহ কাজটি PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ১০০ (১) মোতাবেক সরাসরি ক্রয়ের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

SE, WS/IP-E

08.02.2026
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

AE

জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

EE

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার- কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

08/02/26
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

৪। প্রস্তাব অনুমোদিত,

XEN, SKWP

11/02/2026
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।